

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
রাজশাহী।

স্মারক নং-১৩৩


তারিখ ১৯ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
০২/০৪/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ “অপরাধীর সংশোধন ও জেলখানায় সাজাপ্রাপ্ত বন্দীদের আধিক্য নিরসনার্থে প্রবেশন আইনের ভূমিকা” শীর্ষক সেমিনার
অনুষ্ঠান প্রসঙ্গে

The Probation of Offenders Ordinance, 1960 এর প্রয়োগ এবং উক্ত বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের গত ১২ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ তারিখের নির্দেশনা বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ০৯/০৪/১৯ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪:৩০ ঘটিকায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন, রাজশাহীর ৪র্থ তলার সম্মেলন কক্ষে “অপরাধীর সংশোধন ও জেলখানায় সাজাপ্রাপ্ত বন্দীদের আধিক্য নিরসনার্থে প্রবেশন আইনের ভূমিকা” শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে জনাব ও.এইচ.এম ইলিয়াস হোসাইন, মাননীয় মহানগর দায়রা জজ, রাজশাহী প্রধান অতিথি এবং জনাব মীর শফিকুল আলম, মাননীয় জেলা ও দায়রা জজ, রাজশাহী বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বলে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত সম্মেলনে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


সম্মেলনের আলোচ্য সূচীঃ

- ক) “অপরাধীর সংশোধন ও জেলখানায় সাজাপ্রাপ্ত বন্দীদের আধিক্য নিরসনার্থে প্রবেশন আইনের ভূমিকা” শীর্ষক সেমিনার-এর মূল প্রবন্ধ উপস্থাপন;
- খ) The Probation of Offenders Ordinance, 1960 এর বিভিন্ন বিধি বিধানের প্রয়োগ বিষয়ে উন্মুক্ত আলোচনা;
- গ) বিবিধ।


(নূরুল আলম মোহাম্মদ নিপু)
হেডেশন নম্বর-৪৫৩
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
- ২। বিজ্ঞ অতিরিক্ত মহানগর দায়রা জজ, রাজশাহী।
- ৩। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী (তিনি স্বয়ং অথবা তাঁর একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধ করা হলো)।
- ৪। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী (তিনি স্বয়ং অথবা তাঁর একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধ করা হলো)।
- ৫। বিজ্ঞ যুগ্ম মহানগর দায়রা জজ, ১ম আদালত, রাজশাহী।
- ৬। বিজ্ঞ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
- ৭। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
- ৮। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১/৩ আদালত, রাজশাহী।
- ৯। বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-২/৩/৪/৫ আদালত, রাজশাহী।
- ১০। বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১/২/৩/৪ আদালত, রাজশাহী।
- ১১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অফিস, রাজশাহী।
- ১২। সিনিয়র জেল সুপার, কেন্দ্রীয় কারাগার, রাজশাহী (০৫ জন হাজতি সহ উপস্থিত থাকার জন্য অনুরোধক্রমে)।
- ১৩। উপজেলা সমাজ সেবা অফিসার, পবা/মোহনপুর/দুর্গাপুর/বাঘা/চারঘাট/গোদাগাড়ী/তানোর/পুঠিয়া/বাগমারা।
- ১৪। সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
- ১৫। সভাপতি, রাজশাহী এডভোকেট বার এসোসিয়েশন, রাজশাহী।
- ১৬। সাধারণ সম্পাদক, রাজশাহী এডভোকেট বার এসোসিয়েশন, রাজশাহী।
- ১৭। বিজ্ঞ পি.পি, মহানগর দায়রা জজ আদালত, রাজশাহী।
- ১৮। বিজ্ঞ অতিরিক্ত পি.পি, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী।
- ১৯। অফিসার ইনচার্জ, বোয়ালিয়া/রাজপাড়া/মতিহার/শাহমখদুম/চন্দ্রিমা/কাশিয়াডাঙ্গা/কাটাখালি/এয়ারপোর্ট/পবা/কর্ণহার/দামকুড়া/বেলপুকুর/জিআরপি থানা/ডিবি রাজশাহী।
- ২০। প্রবেশন অফিসার, মেট্রো কোর্ট, রাজশাহী।
- ২১। প্রবেশন অফিসার, প্রবেশন কার্যালয়, রাজশাহী।
- ২২। জনাব মোঃ হাসিনুল ইসলাম, নির্বাহী পরিচালক, সচেতন এন.জি.ও, রাজশাহী।
- ২৩। অফিস কপি।


(নূরুল আলম মোহাম্মদ নিপু)
হেডেশন নম্বর-৪৫৩
চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
রাজশাহী।

তারিখ ১৯ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
০২/০৪/২০১৯ খ্রিঃ

স্মারক নং-